150

তারিখ ...20 OCT 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

আজকের কাগজ

# পুলিশ সলিমুল্লাহ হলে তল্লাশি করে ৪টি পাইপগান, ১২টি কার্তুজ উদ্ধার করেছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ হলে তল্লাশি চালিয়ে পুলিশ গতকাল শনিবার সন্ধ্যায় চারটি পাইপগান ও ১২টি কার্তুজ উদ্ধার করেছে। তবে কাউকে গেফতার করেনি।

রমনা থানা জানায়, গতকাল সন্ধ্যে সাড়ে পাঁচটা থেকে সাড়ে ছ'টা পর্যন্ত গোয়েন্দা পুলিশ ও রমনা থানা পুলিশ যৌথভাবে তল্লাশি চালিয়ে সলিমুল্লাহ হলের একটি অংশ থেকে পরিত্যক্ত অবস্থায় চারটি পাইপগান ও ১২টি কার্তুজ উদ্ধার করে। থানা সূত্র জানায়, তল্লাশির সময় হল প্রভোস্ট ও হাউস টিউটররা উপস্থিত ছিলেন।

এ ব্যাপারে সলিমুল্লাহ হলের ভারপ্রাপ্ত প্রভোস্ট ডঃ আব্দুল খালেকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, হল তল্লাশি নয়, সন্ধ্যে ৬টার দিকে পুলিশ অকস্মাৎ সলিমুল্লা হলে আসে এবং হলের দু'টি কক্ষে তল্লাশি চালায়। পুলিশ হল কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই কক্ষ দু'টিতে তল্লাশি চালায় বলে তিনি জানান। তিনি আরো জানান, পুলিশ হল তল্লাশি করে কোনো অস্ত্র পায়নি।